



মুরাদনগর (কুমিল্লা) : মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের বিতরণ করা বাই সাইকেলসহ শিক্ষার্থীরা

ইত্তেফাক

মুরাদনগরে মেধাবী শিক্ষার্থীদের মাঝে সাইকেল বিতরণ

■ মুরাদনগর (কুমিল্লা) সংবাদদাতা

উপজেলার রামচন্দ্রপুর বাজারে সোমবার বিকেলে মুরাদনগর, হোমনা ও বাঞ্ছুরামপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শতাধিক দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে 'স্বপ্নসারথি' নামে বাইসাইকেল বিতরণ কর্মসূচি পালন করে মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক।

রামচন্দ্রপুর উত্তর ইউনিয়নের চেয়ারম্যান মো: হুফু মিয়্যার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের এমটিবি আদার ডিভিশনস ব্রাঙ্কের হেড অব

আজাদ শামসী।

স্থানীয় শাখা ব্যবস্থাপক মো: হায়দর আলীর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সোনামিয়া মোম্মা দারুল উলুম দাখিল মাদরাসার সভাপতি ও বিশিষ্ট শিক্ষপতি আলহাজ্ব গোলাম তৌহিদ মোবারক, রামচন্দ্রপুর দক্ষিণ ইউনিয়নের চেয়ারম্যান আলহাজ্ব আব্দুল লতিফ সরকার, আবদুল মজিদ কলেজের ডারপ্রাপ্ত অধ্যক্ষ মো: বিল্লাল হোসেন, সোনা মিয়া মোম্মা মাদরাসার সুপার মাওলানা মজিবুর রহমান, হাজী আব্দুল মতিন প্রমুখ।